বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লীভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.৪০৮.০৬.০১১.২০. ৮৭৪৬ তারিখ: ১৬/১১/২০২০ খ্রি.

বিষয়: জাতীয় পল্লী উন্নয়ন পদক বিতরণ অনুষ্ঠান ২০২০ উপলক্ষে প্রকাশিতব্য "পল্লী উন্নয়ন" শীর্ষক স্মরণিকায় প্রকাশের জন্য লেখা আহবান।

উপর্যুক্ত বিষয়ে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে দেশের সর্ববৃহৎ সরকারি প্রতিষ্ঠান হিসেবে কাজ করে যাচ্ছে। জাতির পিতার আজীবনের লালিত স্বপ্ন বৈষম্যহীন, ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলা বিনির্মাণের জন্য স্বাধীনতা পরবর্তী সময়ে আইআরডিপি'র মাধ্যমে বিআরডিবি'র যাত্রা শুরু হয়। একই ধারাবাহিকতায় বিআরডিবি পল্লীর জনগণ ও জনপদের উন্নয়নকল্পে 'বীজ-সার-সেচ' প্রযুক্তির সমন্বয়ে কৃষি উৎপাদন বৃদ্ধি, আয়-সঞ্চারী বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধি, কর্ম সৃজন ও দারিদ্র্য হ্রাসকরণে পথিকৃতের ভূমিকা পালন করে আসছে। খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে বিআরডিবি'র বহুমুখি কর্মকান্ড অত্যন্ত প্রশংসনীয়। এছাড়া পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনস্থ সমবায় অধিদপ্তর, আরডিএ, বার্ড, বাপার্ড, পিডিবিএফ, এসএফডিএফসহ অনেক অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান পল্লী উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রমে সম্পৃক্ত হয়ে অনুকরণীয় উদাহরণ সৃষ্টি করে দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ণে অবিস্মরণীয় আবদান রেখে চলেছে। ফলশ্রুতিতে বর্তমানে দেশের দারিদ্র বিমোচনের হার উল্লেখযোগ্যভাবে কমে এসেছে।

পল্লী উন্নয়নের ক্ষেত্রে যাঁরা এই সকল ক্ষেত্রে অবদান রেখে চলেছেন, জাতীয়ভাবে তাঁদের উত্তম কাজের স্বীকৃতিস্বরূপ সরকার জাতীয় পল্লী উন্নয়ন পদক প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করে। এরফলে পল্লী উন্নয়নমূলক নানাবিধ কর্মকান্ডে বিভিন্ন ব্যক্তি, গোষ্ঠি, সংগঠন এবং প্রতিষ্ঠানকে সুস্থ্য প্রতিযোগিতায় আগ্রহী করে তোলা সম্ভব হবে। আগামী ৯ জানুয়ারি ২০২১ খ্রি. বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর যৌথ উদ্যোগে প্রথমবারের মত জাতীয় পল্লী উন্নয়ন পদক বিতরণ অনুষ্ঠান আয়োজন হতে যাচ্ছে। উক্ত অনুষ্ঠান উপলক্ষে ব্যাপক প্রস্তুতি চলছে। এ উপলক্ষে "পল্লী উন্নয়ন" শীর্ষক একটি স্মরণিকা প্রকাশ করা হবে। উক্ত স্মরণিকায় প্রকাশের জন্য সংযুক্ত বিষয়ে আগ্রহী লেখকগণের নিকট হতে ১৫০০ থেকে ২০০০ শব্দের একটি আর্টিকেল/প্রবন্ধ আগামী ৩০ নভেম্বর, ২০২০ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


এস. এম. মাসুদুর রহমান
পরিচালক (পরিকল্পনা)
ফোন: ০২-৮১৮০০০২


বিতরণ:

১। পরিচালক (সকল) ............................................... বিআরডিবি, ঢাকা।
২। প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক/যুগ্মপরিচালক (সকল)/পরিচালক (অ.দা.)............................. বিআরডিবি, ঢাকা/বিআরডিটিআই, সিলেট।
৩। উপপরিচালক (সকল)................ বিআরডিবি, জেলাদপ্তর ------------------।
৪। উপপরিচালক (সকল),......................., বিআরডিবি, ঢাকা।
৫। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।
৬। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল).................. উপজেলা, বিআরডিবি, ............... জেলা।
৭। সহকারী পরিচালক (সকল)......................., বিআরডিবি, ঢাকা।
৮। অফিস কপি।

জাতীয় পল্লী উন্নয়ন পদক বিতরণ অনুষ্ঠান-২০২০ উপলক্ষে প্রকাশিতব্য প্রকাশনায় যে সব বিষয়ে লেখা আহবান করা যেতে পারে তার তালিকা:

| ক্র.নং | ক্ষেত্র | বিষয় |
| --- | --- | --- |
| ১ | বঙ্গবন্ধু/মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা/সরকার/রাষ্ট্রীয় উদ্যোগ | • বঙ্গাবন্ধুর পল্লী উন্নয়ন দর্শন ও টেকসই উন্নয়ন<br>• স্বাধীনতাত্তোর পল্লী উন্নয়নে বঙ্গাবন্ধুর উদ্যোগসমূহ ও দিক নির্দেশনা<br>• পল্লী উন্নয়নের অগ্রযাত্রায় আইআরডিপি টু ডেল্টা প্ল্যান<br>• মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার পল্লী উন্নয়ন ভাবনা ও দিকদর্শন<br>• স্বাধীনতাত্তোর বাংলাদেশে পল্লী উন্নয়নে আইআরডিপি'র ভূমিকা |
| ২ | পল্লী উন্নয়ন ও বিআরডিবি | • পল্লী উন্নয়নের ক্রমবিকাশ ও বিআরডিবি'র কার্যক্রম<br>• পল্লীর নেতৃত্ব বিকাশে বিআরডিবি<br>• পল্লীতে নগর সুবিধা: বর্তমান সরকারের গৃহীত উদ্যোগ ও বিআরডিবি'র কর্মসূচি।<br>• অর্থনৈতিক উন্নয়নে বিআরডিবি'র কার্যক্রমসমূহ ও জিডিপিতে অবদান<br>• শিল্পের স্থানীয়করণের মাধ্যমে পল্লীর জনগণের আর্থ সামাজিক উন্নয়নে বিআরডিবি<br>• গ্রাম হবে শহর: বিআরডিবি'র ভবিষ্যৎ পরিকল্পনা<br>• গ্রামীণ অর্থনীতির বিকাশ ও টেকসই পল্লী উন্নয়নে বিআরডিবি'র ভূমিকা<br>• বিআরডিবি: বাংলাদেশের পল্লী উন্নয়নের অগ্রদূত<br>• সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ ও বিআরডিবি |
| ৩ | আর্থ-সামাজিক উন্নয়ন | • পল্লী মূলধন সৃষ্টি ও আয়বর্ধক কর্মকান্ডে বিআরডিবি<br>• পল্লী জীবিকায়ন ও টেকসই উন্নয়ন<br>• পল্লীর জীবনমান উন্নয়নে/আর্থ সামাজিক উন্নয়নে বিআরডিবি'র উদ্যোগ<br>• পল্লী অর্থনীতিতে ক্ষুদ্র ঋণ ও বিআরডিবি<br>• সামাজিক সম্পদ উন্নয়নে বিআরডিবি। |

| | | |
|---|---|---|
| ৪ | কর্মসূচিভিত্তিক | • নারী উন্নয়ন ও ক্ষমতায়নে বিআরডিবি'র অবদান<br>• খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে বিআরডিবি'র সার-বীজ-সেচ প্রযুক্তি প্রয়োগে বিআরডিবি'র অবদান<br>• ক্ষুদ্র অবকাঠামো উন্নয়ন: গ্রামীণ অর্থনীতিতে বিআরডিবি'র একটি টেকসই উদ্যোগ<br>• অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন ধারণা: টেকসই পল্লী উন্নয়নে একটি নব দিগন্তের সূচনা<br>• পল্লীর জনপদ ও প্রতিষ্ঠান এবং ইউনিয়ন পরিষদের উন্নয়ন কার্যক্রমের সমন্বয়ের মাধ্যমে টেকসই পল্লী উন্নয়ন<br>• খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে বিআরডিবি'র খাদ্য শস্য সংরক্ষণ ও বাজারজাতকরণ কর্মসূচি |
| ৫ | দক্ষতা উন্নয়ন | • পল্লী উন্নয়নে ইউনিয়ন পরিষদের সক্ষমতা বৃদ্ধিতে বিআরডিবি শরীক কর্মসূচির অভিজ্ঞতা।<br>• পল্লী জনপদের সক্ষমতা বৃদ্ধিতে বিআরডিবিভুক্ত পল্লী উন্নয়ন দলের ভূমিকা<br>• প্রশিক্ষণ, প্রশিক্ষণোত্তর সহায়তা ও ঋণ কার্যক্রমের মাধ্যমে সামাজিক নিরাপত্তা বলয় সৃষ্টিতে বিআরডিবি<br>• সেবা সহজিকরণ ও টেকসই পল্লী উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রয়োগে বিআরডিবি'র উদ্যোগ |
| ৬ | কৃষি ও অকৃষি উন্নয়ন | • অকৃষিখাতে কর্মসংস্থান সৃষ্টি ও পল্লী অর্থনীতি সচলিকরণ;<br>• পল্লী বাজার: পল্লী পণ্য বিপননে বিআরডিবি'র একটি সময়োপযোগি উদ্যোগ |
| ৭ | অন্যান্য | • পল্লী জনপদে সামাজিক সচেতনতা বৃদ্ধিতে বিআরডিবি'র ভুমিকা |